

# আইনানুসারে সকলে সম্মান সুযোগ পাবে

নিম্নলিখিত বিষয়গুলির উপর ভিত্তি করে বৈষম্য করা ফেডারাল অর্থনৈতিক সহায়তাপ্রাপ্ত সমস্ত প্রাপকদের পক্ষে আইন বিরুদ্ধ:

ইউনাইটেড স্টেটস-এর যে কোনো ব্যক্তির বিরুদ্ধে তার জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, জাতিগত উৎস, বয়স, অক্ষমতা, রাজনৈতিক সম্বন্ধ বা বিশ্বাসের ভিত্তিতে; এবং 1998 সালের ওয়ার্কফোর্স ইনভেস্টমেন্ট অ্যাক্ট (WIA)-এর শিরোনাম 1-এর অধীনে আর্থিক সহায়তাপ্রাপ্ত কর্মসূচিগুলির সুবিধাভোগী কোনো ব্যক্তির বিরুদ্ধে, ইউনাইটেড স্টেটস-এ কাজ করার জন্য অনুমতিপ্রাপ্ত আইনসম্মতভাবে অভিবাসী হিসাবে স্বীকৃত সুবিধাভোগী ব্যক্তির নাগরিকত্ব /অবস্থার উপর ভিত্তি করে, বা কোনোপ্রকার WIA শিরোনাম 1 আর্থিক সহায়তাপ্রাপ্ত কর্মসূচি বা ক্রিয়াকলাপে তার অংশগ্রহণের ভিত্তিতে আইন বিরুদ্ধ। নিম্নলিখিত যে কোনো ক্ষেত্রে প্রাপক অবশ্যই বৈষম্য করবেন না: কোনোপ্রকার WIA শিরোনাম 1-আর্থিক সহায়তাপ্রাপ্ত কর্মসূচি বা ক্রিয়াকলাপের ক্ষেত্রে কাকে স্থান দেওয়া হবে বা কার প্রবেশাধিকার থাকবে সেই সিদ্ধান্ত নেওয়ায়; এই ধরনের একটি কর্মসূচি বা ক্রিয়াকলাপের সাপেক্ষে কোনো ব্যক্তিকে সুযোগসুবিধা প্রদান বা তার সাথে আচরণ করা; বা এই ধরনের একটি কর্মসূচি বা ক্রিয়াকলাপের পরিচালনা বা এটির সাথে যুক্ত থাকা সংক্রান্ত কর্মনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষেত্রে প্রাপক অবশ্যই বৈষম্য করবেন না।

## আপনি যদি মনে করেন যে আপনি বৈষম্যের শিকার হয়েছেন তাহলে কী করতে হবে

আপনি যদি মনে করেন যে একটি WIA শিরোনাম 1-আর্থিক সহায়তাপ্রাপ্ত কর্মসূচি বা ক্রিয়াকলাপ-এর আওতায় আপনি বৈষম্যের সম্মুখীন হয়েছেন তাহলে আপনি নিম্নোক্ত ব্যক্তির নিকট ঘটনার 180 দিনের মধ্যে একটি অভিযোগ দাখিল করতে পারেন:



Department  
of Labor

প্রাপক ই.ও. অফিসারের নাম:

সংস্থার নাম:

ঠিকানা:

ফোন:

ই-মেল:

ডিরেক্টর

সম্মান সুযোগ উন্নয়ন দপ্তর  
(Division of Equal Opportunity Development)  
New York State Department of Labor  
State Office Campus, Building 12, Room 540  
Albany, New York 12240

ফোন: (518) 457-1984

(TDD) 1-800-662-1220

(VOICE) 1-800-421-1220

অথবা আপনি সরাসরি নিম্নলিখিত ব্যক্তির নিকট একটি  
অভিযোগ দাখিল করতে পারেন

ডিরেক্টর

ডিরেক্টর সিবিল রাইটস সেন্টার (Civil Rights Center, CRC)  
U.S. Department of Labor  
200 Constitution Avenue, NW  
Room N-4123  
Washington, D.C. 20210

আপনি যদি প্রাপকের কাছে আপনার অভিযোগ দাখিল করেন, তাহলে প্রাপক যত দিন না একটি লিখিত চূড়ান্ত পদক্ষেপ সংক্রান্ত বিজ্ঞপ্তি (Notice of Final Action) দিচ্ছেন, সিবিল রাইটস সেন্টার-এর (ঠিকানা উপরে দেখুন) কাছে ফাইল করার আগে তত দিন অথবা 90 দিন অতিক্রান্ত না হওয়া পর্যন্ত (যেটি আগে হয়) আপনাকে অবশ্যই অপেক্ষা করতে হবে। যদি আপনার অভিযোগ দাখিল করার 90 দিনের মধ্যে প্রাপক আপনাকে একটি লিখিত চূড়ান্ত পদক্ষেপ সংক্রান্ত বিজ্ঞপ্তি না দেন, তাহলে CRC-এর কাছে একটি অভিযোগ দাখিল করার আগে সেই বিজ্ঞপ্তিটি প্রাপকের থেকে পাওয়ার জন্য আপনাকে অপেক্ষা করতে হবে না। তবে, 90-দিন সময়সীমার পরের 30 দিনের মধ্যে আপনাকে অবশ্যই আপনার CRC অভিযোগ দাখিল করতে হবে (অর্থাৎ, প্রাপকের কাছে আপনার অভিযোগটি দাখিল করার 120 দিনের মধ্যে)। আপনার প্রাপক যদি আপনার অভিযোগের বিষয়ে আপনাকে একটি লিখিত চূড়ান্ত পদক্ষেপ সংক্রান্ত বিজ্ঞপ্তি না দেন, অথচ আপনি যদি সিদ্ধান্ত বা সমাধানটির বিষয়ে অসন্তুষ্ট থাকেন, তাহলে আপনি CRC-এর কাছে একটি অভিযোগ দাখিল করতে পারেন। আপনি চূড়ান্ত পদক্ষেপ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি যে তারিখে পেয়েছেন তার 30 দিনের মধ্যে আপনার CRC অভিযোগটি আপনাকে অবশ্যই দাখিল করতে হবে।